

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৪.২২.৪১৮

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯
২৭ নভেম্বর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **JDS** বৃত্তির অধীন জাপানে অনুষ্ঠেয় পিএইচডি কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

Japan Human Resource Development Scholarship (JDS) এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রামে অংশগ্রহণের নিমিত্তি বিসিএস ক্যাডারভুক্ত সরকারি কর্মকর্তা, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের নিকট হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদন আগামী ২৬ ডিসেম্বর ২০২২ তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি পৌঁছাতে হবে:

Japan International Cooperation Center (JICE)

JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon
107, Kazi Nazrul Islam Avenue
Dhaka-1215, Bangladesh.

শর্তাবলী:


১. সংযুক্ত ও অনলাইনে প্রাপ্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে।
২. যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২৩ তারিখে ৪৫ বছরের কম তারা আবেদন করতে পারবেন।
৩. যারা JDS প্রোগ্রামের আওতায় ইতোপূর্বে মাস্টার্স কোর্স সম্পন্ন করেছেন এবং মাস্টার্স কোর্স সম্পন্ন করার পরে কমপক্ষে দুই বছর চাকরিরত ছিলেন, তাঁরাই উক্ত প্রোগ্রামে আবেদন করতে পারবেন;
২. আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ২ সেট আবেদন JICE JDS Project Office-এ প্রেরণ করতে হবে। ২ সেট আবেদনের ১ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
৩. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা ইত্যাদির জন্য আগ্রহী প্রার্থীগণকে jds.bangladesh1@jice.org অথবা jds.bangladesh@jice.org ঠিকানায় ই-

মেইল করে অথবা 02-5502-8008, 02-9128008 (ext. 4261/4973) এবং ০১৭১১৫৬৫১৩৮, ০১৭১৪৩৯০১৭৫ নম্বরে ফোন করে প্রয়োজনীয় ডকুমেন্টস সংগ্রহ করতে হবে;

৪. কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং স্মারকের বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করা হবে;

৫. বৃত্তি প্রাপ্তির বিষয়ে বৃত্তি প্রদানকারী সংস্থার প্রযোজ্য শর্তাবলী এবং প্রচলিত সরকারি বিধি-বিধানের আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

সংযুক্তি : পিএইচডি কোর্সের আবেদন নির্দেশিকা



২৭-১১-২০২২

মৌসুমী সরকার রাখী

উপসচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব/সচিব (সকল)

৪) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধানগণ

৬) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৮) জেলা প্রশাসক (সকল)

৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

১১) Country Director, JICE JDS Project Office in Bangladesh, The Pan Pacific Sonargaon, L-261, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Bangladesh

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়